



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা

www.dscc.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০২.১১৪.২০২১-৮০৬

দৈনিক মজুরি ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে অদক্ষ শ্রমিক (সড়ক) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের গত ০৩ আগস্ট ২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০৩২.১৯-৭৩৭ সংখ্যক স্মারকে অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে প্রকৌশল বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরি ভিত্তিক (কাজ করলে মজুরি, না করলে নেই শর্তে) অদক্ষ শ্রমিক (সড়ক) নিয়োজিত করা হবে। সম্পূর্ণ অস্থায়ীভাবে “কাজ করলে মজুরি, না করলে নেই” ভিত্তিতে কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	দৈনিক মজুরির হার	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১	অদক্ষ শ্রমিক (সড়ক)	৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর টাকা)	২৫ টি	১৮ বছর হতে ৩০ বছর	অস্টম শ্রেণি পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা

শর্তাবলী :

- ১। সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর আবেদন করতে হবে।
- ২। ১৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও নাতি-নাতনিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৩। আবেদনপত্রের সাথে সাম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদ, শিক্ষাগত যোগ্যতা সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে আনতে হবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৩.১১.২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকার মধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নগর ভবনস্থ ব্যাংক ফ্লোর প্রাঙ্গনে প্রার্থীদের উপযুক্ততা যাচাই ও সাক্ষাৎকারে উপস্থিত থাকতে হবে। সমুদয় কাগজপত্রের মূলকপিসহ উপস্থিত থাকতে হবে এবং উহার এক প্রস্থ ছায়াছবি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।
- ৪। এ নিয়োজিতকরণ সম্পূর্ণরূপে দৈনিক মজুরি ভিত্তিক এবং ভবিষ্যতে কোনোক্রমে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের চাহিদা ও প্রয়োজন থাকা পর্যন্ত নির্দিষ্ট সময়ের জন্য এই “শ্রমিকগণ” ‘কাজ করলে মজুরি, না করলে নাই’ ভিত্তিতে কাজ করবে।
- ৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- ৬। যে কোন পর্যায়ে নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৭। অদক্ষ শ্রমিক নিয়োজিত করার জন্য নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের নিমিত্তে কোন টিএ/ডিএ বা ভাতা প্রদান করা হবে না।
- ৮। প্রার্থীকে সড়ক শ্রমিক হিসেবে কাজ করার জন্য সূঠাম দেহের অধিকারী হতে হবে।



(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফোন : ০২-২২৩৩৮৩৩৫০৭

ডিএসসিসি/পিআরডি/৯৩/২০২২-২০২৩

ক-৮০১ (৭×৩)